

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: বীরপুরুষ

উত্তরপত্র ২ (লেকচার -২)- (৫. ১০.২০)

ক). নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ।

১. ‘ভাগ্যে খোকা সঙ্গে ছিল

কী দুর্দশাই হতো তা না হলে!’ -লাইন দুটির ভাবার্থ নিজের ভাষায় লিখ।

উত্তরঃ আলোচ্য অংশটুকু কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বীরপুরুষ কবিতা থেকে নেওয়া হয়েছে।

কবিতায় খোকা কল্পনায় তার মাকে নিয়ে বিদেশ ঘুরে আনেক দূরে বেড়াতে যাচ্ছিল। যাওয়ার সময় সন্ধ্যা বেলায় যখন জোড়াদিঘির মাঠে পৌঁছালো তখন একদল দস্যু তাদের আক্রমণ করলে মা ভয় পেয়ে যান। কিন্তু খোকা সাহসিকতার সাথে লড়াই করে দস্যুদের পালাতে বাধ্য করে। তখন মায়ের মনের ভয় দূর হয়ে যায় এবং অনেকটা গর্বিত হয়ে তিনি উক্ত কথাগুলো বলেন। খোকা না থাকলে বড় বিপদ হতে পারতো এবং খোকা ছিল বলে রেহাই হলো, মায়ের মনের এই বার্তাটি কবি বোঝাতে চেয়েছেন।

২. ‘এমন সময় হাঁরে -রে-রে -রে

ঐ যে কারা আসতেছে ডাক ছেড়ে।

তুমি ভয়ে পালকিতে এক কোণে

ঠাকুর, দেবতা স্মরণ করছ মনে,’- লাইন গুলো দিয়ে কী বোঝানো হয়েছে নিজের ভাষায় লিখ।

উত্তরঃ আলোচ্য অংশটুকু কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ‘বীরপুরুষ কবিতা থেকে নেওয়া হয়েছে।

কবিতায় খোকা কল্পনায় তার মাকে নিয়ে বিদেশ ঘুরে আনেক দূরে বেড়াতে যাচ্ছিল। যাওয়ার সময় সন্ধ্যা বেলায় যখন জোড়াদিঘির মাঠে পৌঁছালো তখন একদল দস্যু হারে-রে-রে শব্দ করে এগিয়ে আসছিল তাদের দিকে। আর ডাকাতদের এই আওয়াজ শুনে মা ভয় পেয়ে গিয়েছিলেন এবং তিনি পালকির এক কোণে বসে ভয়ে ঠাকুর-দেবতাদের নাম জপছিলেন যেন ডাকাতের হাত থেকে রক্ষা পান। যদিও এগুলো খোকামনের কল্পনারই বহিঃপ্রকাশ মাত্র। মূলত একটি খোকামনের সুপ্ত কল্পনাগুলো জেগে উঠেছে এই কবিতার বিভিন্ন লাইনের মাধ্যমে।

খ). নিচের প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখ।

১. বীরপুরুষ কে? সে কাদের হারিয়ে বীরপুরুষ হলো?

উত্তরঃ কবিতায় খোকাকেই বীরপুরুষ বলা হয়েছে। খোকা সাহসিকতার সাথে লড়াই করে দস্যুদের হারিয়ে বীরপুরুষ হলো।

গ) প্রশ্নোত্তর লিখ (সৃজনশীল)।

২. খোকা কিভাবে বীরপুরুষ হলো? নিজের ভাষায় ব্যাখ্যা কর।

উত্তরঃ কবিতায় খোকা কল্পনায় তার মাকে নিয়ে বিদেশ ঘুরে আনেক দূরে বেড়াতে যাচ্ছিল। যাওয়ার সময় সন্ধ্যা বেলায় যখন জোড়াদিঘির মাঠে পৌঁছালো তখন একদল দস্যু তাদের আক্রমণ করলে মা ভয় পেয়ে যান। কিন্তু খোকা সাহসিকতার সাথে লড়াই করে। একসময় দস্যুরা পালিয়ে যায়। খোকা না

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: বীরপুরুষ

থাকলে বড় বিপদ হতে পারতো এবং খোকা ছিল বলে রেহাই হলো। যেন খোকা একজন বীরপুরুষের ভূমিকা পালন করল। এভাবেই খোকা বীরপুরুষ হলো।

৩) খোকা ডাকাতদের হারিয়ে বীরপুরুষ হয়েছে। খোকাকার জায়গায় তুমি থাকলে তুমি কিভাবে মাকে রক্ষা করতে? পাঁচটি বাক্যে লিখ।

উত্তরঃ (শিক্ষার্থীরা নিজের মতো বানিয়ে লিখবেন)।

ঘ) শূণ্যস্থান পূরণ কর:

১. ধূ ধূ করে যে দিক পানে.....।--(চাই)
২. কোনো খানে নাই।---(জন-মানব)
৩. তুমি যেন মনে তাই।---(আপন মনে)
৪. ভয় ভাবছ এলেম কোথা।---(পেয়েছ)
৫. আমি বলছি করো না মা গো।---(ভয়)
৬. ওই দেখা যায় নদীর সোঁতা।---(মরা)